রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৬, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা।

ঢাকা, ১৪ই ফেব্রুয়ারী, ১৯৯৫/২রা ফাল্গুন, ১৪০১

এস, আর, ও, নং ২৪-আইন/৯৫-সম/বিধি-১/আর-৫৯/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ ইং নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়ঃ—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিসি হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : টাকা ৩.০০

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ;

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না ;

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এইমর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে।**—(১) এতদ্‌দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন,

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাকে, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এইমর্মে সন্তোষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ।**—মন্ত্রণালয়/বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এতদ্বারা রহিত করা হইল।

তফশিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | হিসাব রক্ষণ কর্মকর্তা | .. | ১। নিম্ন বর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে : (ক) অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা; | (ক) অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা পদে কমপক্ষে ০৩(তিন) বৎসর চাকুরী ; |
| | | | (খ) হিসাব রক্ষক ; | (খ) হিসাব রক্ষক পদে অথবা হিসাব রক্ষক ও অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা উভয় পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসর চাকুরী ; |
| | | | (গ) কোষাধ্যক্ষ ; এবং | (গ) কোষাধ্যক্ষ পদে অথবা কোষাধ্যক্ষ, হিসাব রক্ষক ও অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা সকল পদে কমপক্ষে ০৮ (আট) বৎসর চাকুরী; |
| | | | (ঘ) সহকারী হিসাব রক্ষক। | (ঘ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষক, কোষাধ্যক্ষ ও সহকারী হিসাব রক্ষক এর সকল পদে কমপক্ষে ১০ (দশ) বৎসর চাকুরী। |
| | | | ২। পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | |
| ২। | অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা | .. | ১। নিম্ন বর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে:- | ১। পদোন্নতির ক্ষেত্রে : |
| | | | (ক) হিসাব রক্ষক ; | (ক) হিসাব রক্ষক পদে কমপক্ষে ০৩(তিন) বৎসর চাকুরী ; |
| | | | (খ) কোষাধ্যক্ষ ; | (খ) কোষাধ্যক্ষ পদে অথবা কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক উভয় পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরী ; |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) সহকারী হিসাব রক্ষক, এবং | (গ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা সহকারী হিসাব রক্ষক, কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক সকল পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসর চাকুরী ; |
| | | (ঘ) ক্যাশিয়ার | (ঘ) ক্যাশিয়ার পদে অথবা হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ/সহকারী হিসাব রক্ষক/ক্যাশিয়ার সকল পদে কমপক্ষে ০৯ (নয়) বৎসর চাকুরী। |
| | ২১ হইতে ৩০ বৎসর। | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরির নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩। হিসাব রক্ষক | .. | ১। নিম্ন বর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে : (ক) কোষাধ্যক্ষ ; (খ) সহকারী হিসাব রক্ষক; এবং (গ) ক্যাশিয়ার। | ১। পদোন্নতির ক্ষেত্রে : (ক) কোষাধ্যক্ষ পদে কমপক্ষে ২(দুই) বৎসর চাকুরী ; (খ) সহকারী হিসাব রক্ষক পদে অথবা সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার উভয় পদে কমপক্ষে ৪ (চার) বৎসর চাকুরী; (গ) ক্যাশিয়ার পদে, অথবা কোষাধ্যক্ষ, সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার সকল পদে কমপক্ষে ৬ (ছয়) বৎসর চাকুরী। |
| | অনুর্ধ ৩০ বৎসর | ২। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | কোষাধ্যক্ষ | .. | ১। নিম্নবর্ণিতদের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে:<br>(ক) সহকারী হিসাব রক্ষক; এবং<br>(খ) ক্যাশিয়ার। | ১। পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) সহকারী হিসাব রক্ষক পদে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরী;<br>(খ) ক্যাশিয়ার পদে অথবা সহকারী হিসাব রক্ষক ও ক্যাশিয়ার উভয় পদে কমপক্ষে ৪ (চার) বৎসর চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | ২। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়ে হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫। | সহকারী হিসাব রক্ষক | .. | ১। নিম্নবর্ণিতদের মধ্যে হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে:<br>(ক) ক্যাশিয়ার; এবং<br>(খ) নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক। | ১। পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) ক্যাশিয়ার পদে কমপক্ষে ২(দুই) বৎসর চাকুরী।<br>(খ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদে অথবা ক্যাশিয়ার ও নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক উভয় পদে কমপক্ষে ৪(চার) বৎসর চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ৬। ক্যাশিয়ার | .. | ১। নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ২(দুই) বৎসরের চাকুরী। |
| | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী। |
| ৭। নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক | .. | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি অনুযায়ী। | |
| ৮। ক্যাশ সরকার | .. | ১। নিম্ন বর্ণিতদের মধ্যে হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে: <br> (ক) রেকর্ড সাপ্লাইয়ার ও দপ্তরী; এবং <br> (খ) এম, এল, এস, এস। | ১। পদোন্নতির ক্ষেত্রে : <br> (ক) রেকর্ড সাপ্লাইয়ার এবং/অথবা দপ্তরী পদে কমপক্ষে ২(দুই) বৎসর চাকুরী। <br> (খ) এম, এল, এস, এস পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর চাকুরী। |
| | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | মোহরার | অনুর্ধ ৩০ বৎসর | ১। নিম্নবর্ণিত দের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে : (ক) রেকর্ড সাপ্লাইয়ার ও দপ্তরী, এবং (খ) এম,এল,এস,এস। | ১। পদোন্নতির ক্ষেত্রে : (ক) রেকর্ড সাপ্লাইয়ার এবং/অথবা দপ্তরী পদে কমপক্ষে ০২ (দুই) বৎসর চাকুরী। (খ) এম,এল,এল,এস,এস পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকুরী। |
| | | .. | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | রেকর্ড সাপ্লাইয়ার | .. | ১। এম,এল,এস,এসদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ১। পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | ২। পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,
হাবিবুর রহমান
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।